

প্রকাশ : সোমবার, ৩০ নভেম্বর, ২০১৫ ০০:০০ টা
আপলোড : ২৯ নভেম্বর, ২০১৫ ২৩:১১

প্রিন্ট ভার্সন

Share

প্রিন্ট করুন 

মাস্তানি চলবে না

মেয়র আনিসুল হক

নিজস্ব প্রতিবেদক

গড় রেটিং: 0/5 (0 টি ভোট গৃহিত হয়েছে)

ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক বলেছেন, সরকারি জমি দখলের অধিকার কারও নেই। রাস্তায় কোনো অবৈধ পার্কিং চলবে না। এ নিয়ে কোনো মাস্তানি চলবে না। তিনি বলেন, ভয় না পেয়ে আমরা এ উচ্ছেদ অভিযান চালিয়ে যাব। এটা আমরা করবই। ঢাকার রাস্তায় একটাও বাস ও ট্রাকের অবৈধ পার্কিং থাকবে না। গতকাল রাজধানীর তেজগাঁওয়ে অবৈধ উচ্ছেদ অভিযানে সংঘর্ষের সময় মেয়র এক বক্তব্যে এসব কথা বলেন। পরে বিক্ষুব্ধ শ্রমিকদের উদ্দেশে আনিসুল হক বলেন, আপনারা আমাকে ভোট দিয়ে মেয়র বানিয়েছেন। আমি আপনাদেরই ছেলে। আপনারা আমাকে সহযোগিতা করুন। আমি আপনাদের জন্য ভালো টার্মিনাল তৈরি করে দেব। রাস্তায় পার্কিং না করে গাড়িগুলো সেখানে রাখবেন। গতকাল বিকালে মেয়রের এ বক্তব্যের পরই মূলত পরিস্থিতি শান্ত হয়। তিনি বলেন, এ ইস্যু নিয়ে চারজন মন্ত্রী কথা বলেছেন। যে জায়গা দখল করা হয়েছে তা রেলওয়ের জায়গা। এসব জায়গা ভালোভাবে ব্যবহার হচ্ছিল না। মালিকপক্ষ বলেছে, ভিতরে জায়গা করে দেন। আমরা জায়গা করে দিয়েছি। দুই মাস এ নিয়ে কাজ করেছি। এখন অনেক ক্লিয়ার হয়ে গেছে। যারা অবৈধ দখল করে আছেন, আপনাদের সুবিধার জন্য এসব করা হচ্ছে। আপনাদের গাড়ি যাতে ভালোভাবে বের হতে পারে সেজন্য এ রাস্তা খালি করা হচ্ছে। আমার সুবিধার জন্য নয়। এ সময় শ্রমিক আহত হওয়ার ব্যাপারে আনিসুল হক বলেন, আমি আপনাদের নগরপিতা। যদি সে আহত থাকে, তাহলে আমি তাকে দেখব। এখন ঠিক হলো যে, আপনারা রাস্তায় গাড়ি না রেখে তা ভিতরে রাখবেন। আসুন ঢাকা শহরকে পরিষ্কার করি। এর আগে উত্তেজনাকর পরিস্থিতির মধ্যে বাংলাদেশ ট্রাক ও কাভার্ড ভ্যান ড্রাইভার্স ইউনিয়নের কার্যালয়ে অবরুদ্ধ হন মেয়র আনিসুল হক। সেখানে তিনি সাংবাদিকদের বলেন, যারা মাস্তানি করছেন, তাদের বলছি

এসব মান্তানি চলবে না। ঢাকা শহরে এসব অবৈধ কাজ হবে না। মেয়র আরও বলেন, আমাকে ঢাকা শহর গড়ার জন্য দায়িত্ব দেওয়া হয়েছে। আমার ওপর মাননীয় প্রধানমন্ত্রীর সমর্থন আছে। ঢাকাবাসী আমাদের ওপর আস্থা রেখেছেন। আমাদের সঙ্গে কাউন্সিলররা আছেন। কিন্তু মাঝখান থেকে একজন ইট মেরে দিল, আর হৈচৈ শুরু হলো। কিছু স্বার্থপরায়ণ লোকের কারণে এসব হচ্ছে। আমরা তাদের চিনি। আমরা এসব মেনে নেব না। একটাই চাওয়া মেয়রের, রাস্তায় গাড়ি পার্কিং করবেন না। এ সময় কার্যালয়ের বাইরে শ্রমিকদের বিক্ষোভ বিষয়ে জানতে চাওয়া হলে আনিসুল হক বলেন, এসব সরকার সরাবে। আমাকে বললে আমি ওইখানে গিয়ে বক্তব্য দেব। চলেন, সবাই যাই। টিল মারলে আমার মাথা ফাটবে। আমি সব বুঝেই এসেছি। অপর এক প্রশ্নের জবাবে মেয়র বলেন, কেন গুলি চালাবে পুলিশ? কী ঘটল ভিতরে? নিজেরা ইট মেরেছে। আসুন আমরা সাহসী হই। এর বিরুদ্ধে দাঁড়াই। আমি খুব খুশি যে আজকে আমার সঙ্গে রেলমন্ত্রী আছেন। ট্রাক মালিক সমিতির মালিকরা আছেন। আপনারাই দেখছেন সব। তিনি বলেন, ট্রাক-বাস যেন রাস্তায় না থাকে, আমার দ্বারা যতটুকু সম্ভব, আমি এটা করব। এটা পাবলিকের রাইট, এই এলাকায় চলার। পাবলিককে রাস্তায় রেখে দেবেন, লোক হাসপিটালে যেতে পারবে না, লোক রাস্তায় বের হতে পারবে না, এটা হবে না। বিশৃঙ্খলা সৃষ্টিকারী শ্রমিকদের উদ্দেশে আনিসুল হক বলেন, আইন আইনের মতো চলবে ভাই। আপনি কী এমন হয়ে গেলেন যে সবাই সরিয়ে নেওয়ার পরও আপনি আপনার ভাঙা ট্রাক সরাবেন না? তিনি আরও বলেন, শহরের মানুষ যাতে নির্বিঘ্নে চলতে পারে সেই কাজ করছি। ভয় পাওয়ার কিছু নেই। কেউ উত্তেজিত করলেন আর আমি আমার লোক নিয়ে দৌড়ে চলে গেলাম; না এটা হবে না।